

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 07-08-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন শিক্ষার মানোন্নয়নের মাধ্যমে উন্নত রাজ্য গঠন সম্ভব। গতকাল আগরতলার লোকনাথ মন্দিরে লোকনাথ সেবা আশ্রম সংস্থার উদ্যোগে দুঃস্থ মেধাবী একাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে পুস্তক বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে এখন উচ্চশিক্ষার প্রচুর সুযোগ রয়েছে। ফলে ছাত্রছাত্রীদের এখন বাইরে গিয়ে শিক্ষা গ্রহণ করতে হবে না। মুখ্যমন্ত্রী আরও বলেন, শিক্ষা পরিকাঠামো এবং মানবসম্পদ উন্নয়নে ক্রমাগত বিনিয়োগ রাজ্যের জন্য একটি উজ্জ্বল শিক্ষাগত ভবিষ্যতের পথ প্রশস্ত করেছে। তিনি বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তার মতো প্রযুক্তির ব্যবহার শিক্ষাকে আরও কার্যকর এবং সহজলভ্য করে তুলেছে।

\*\*\*\*\*

**Rajib Bhattacharjee :**

সমুদ্রপথে পণ্য পরিবহন বিল, ২০২৫, রাজ্যসভায় বিরোধীদের বাধাদান সত্ত্বেও গতকাল অনুমোদিত হয়েছে। বিলটি আগেই লোকসভায় পাশ হয়েছিল। এই আইনটি বন্দর থেকে পরিবাহিত পণ্যের ক্ষেত্রে দায়িত্ব, অধিকার প্রতিষ্ঠা নিশ্চিত করে। এই আইন নিয়ে আলোচনার জবাবে নৌপরিবহন ও জলপথ প্রতিমন্ত্রী

শান্তনু ঠাকুর বলেন, শতবর্ষ পুরনো আইনটি বাতিল ও প্রতিস্থাপন করে নতুনভাবে সমুদ্রপথে পণ্য পরিবহন বিল ২০২৫, সহজে ব্যবসা-বাণিজ্য নিশ্চিত করবে। আলোচনায় অংশ নিয়ে ত্রিপুরার সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত দশ বছরে বন্দর ও সমুদ্রপথে পণ্য পরিবহনের ক্ষেত্রে অভূতপূর্ব শ্রীবৃদ্ধি দেখা গেছে।

BYTE \*\*\*\*\*

\*\*\*\*\*

### **Co-operative Minister :**

সমবায় মন্ত্রী শুরাচরণ নোয়াতিয়া বলেছেন, কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহের নেতৃত্বে সমবায় ক্ষেত্র সমৃদ্ধির দৃষ্টিভঙ্গির মাধ্যমে দেশের গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তিনি বলেন, সমবায় ক্ষেত্র উন্নয়নের মাধ্যমে ত্রিপুরাতেও কৃষক এবং পশুপালনের জন্য আরও কর্মসংস্থান তৈরি করে, ত্রিপুরার গ্রামীণ অর্থনীতির উন্নতি করা সম্ভব।

উল্লেখ্য, কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহের সভাপতিত্বে দেশের বিভিন্ন রাজ্যের সমবায় মন্ত্রীদের নিয়ে দিল্লিতে অনুষ্ঠিত সভায় শ্রী শাহ সকল মন্ত্রীদের সমবায় ক্ষেত্রে অগ্রণী গুজরাট সফরের জন্য অনুরোধ করেন। যার অংশ হিসেবে, ত্রিপুরার সমবায় মন্ত্রী শুরাচরণ নোয়াতিয়া সহ কর্মকর্তাদের একটি প্রতিনিধিদল গত চৌঠা আগস্ট থেকে আজ পর্যন্ত গুজরাট সফরে রয়েছেন।

\*\*\*\*\*

## **Kishor Barman-meeting :**

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মনের পৌরোহিত্যে গতকাল আগরতলার শিক্ষা ভবনে রাজ্যের সমস্ত সাধারণ ডিগ্রি কলেজের অধ্যক্ষদের নিয়ে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বর্তমানে কলেজের ভর্তি, অ্যাকাডেমিক স্থিতি, পরিকাঠামো গত প্রয়োজনীয়তা, জাতীয় শিক্ষানীতি ২০২০ বাস্তবায়িত করার ক্ষেত্রে পদক্ষেপ সহ আগামী দিনের পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, উচ্চশিক্ষা দপ্তরের, অধিকর্তা অনিমেঘ দেববর্মা সহ অন্যান্য আধিকারিকগণ।

\*\*\*\*\*

## **RBI repo rate :**

ভারতীয় রিজার্ভ ব্যাংকের আর্থিক নীতি কমিটি তিনদিনব্যাপী বৈঠক শেষে গতকাল রেপো রেট ৫ দশমিক ৫ শতাংশে অপরিবর্তিত রাখার নিরপেক্ষ অবস্থানে অবিচল থাকার সিদ্ধান্ত নিয়েছে। এরফলে স্থায়ী জমা সুবিধার হার ৫ দশমিক দুই-পাঁচ শতাংশ এবং প্রান্তীয় স্থায়ী সুবিধার হার এবং ব্যাংক জমার হারও ৫ দশমিক সাত-পাঁচ শতাংশে অপরিবর্তিত থাকবে। ভারতীয় আমদানির উপর মার্কিন শুল্ক বৃদ্ধির চাপ সত্ত্বেও রিজার্ভ ব্যাংক ২০২৬-এর জিডিপি বৃদ্ধির হার সংক্রান্ত পূর্বাভাস ৬ দশমিক ৫ শতাংশ ধরে রেখেছে। একইসময়ের জন্য মুদ্রাস্ফীতি ৩ দশমিক ১ শতাংশ অনুমান করা হয়েছে, যা জুনের ৩.৭% অনুমানের চেয়ে কম।

\*\*\*\*\*

## Landmark Indian Study On TB :

ভারতের এক যুগান্তকারী গবেষণা গোটা দুনিয়ায় যক্ষ্মা রোগ সংক্রান্ত নীতিকে প্রভাবিত করেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা, WHO, জানিয়েছে, ভারতের গবেষণা, যক্ষ্মা বা টিবি-এর ফলাফলের উপর পুষ্টির ইতিবাচক প্রভাব দেখিয়েছে, বিশ্বের সবচেয়ে সংক্রামক রোগ সম্পর্কে বিশ্বব্যাপী নির্দেশিকা তৈরিতেও এই গবেষণা অবদান রেখেছে। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ, ICMR-এর নেতৃত্বে এবং ঝাড়খণ্ডে পরিচালিত এই গবেষণাটি প্রথম প্রমাণ দিয়েছে যে, পর্যাপ্ত পুষ্টি যক্ষ্মা রোগ এবং মৃত্যু উল্লেখযোগ্যভাবে হ্রাস করতে পারে। এর ফলাফলের উপর ভিত্তি করে, WHO বিশ্বের সবচেয়ে সংক্রামক রোগ TB-এর উপর তার বিশ্বব্যাপী নির্দেশিকা পরিমার্জিত করেছে। সংস্থাটি টিবি-এর বিরুদ্ধে লড়াই জোরদার করার জন্য আরও গবেষণা এবং উদ্ভাবনের আহ্বান জানিয়েছে।

\*\*\*\*\*

## Barmis Cigarette :

B.S.F এর গোয়েন্দা শাখার গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ ও বি.এস.এফ. - এর যৌথ অভিযানে গতকাল কৈলাশহরে ৩৯ কার্টুন বার্মিজ সিগারেট উদ্ধার হয়। গতকাল বিকালে কৈলাশহরের চিনিবাগান নাকা পয়েন্টে একটি বোলেরো গাড়ি থেকে এগুলি আটক করা হয়। উদ্ধার করা সিগারেটের বাজারমূল্য ৫৮ লক্ষ টাকার বেশি। গাড়ির চালককে গ্রেপ্তার করা হয়েছে।

\*\*\*\*\*

## FIRST DIVISION :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় কল্যাণ সমিতি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় কল্যাণ সমিতি ৪-২ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে পরাজিত করে।

\*\*\*\*\*

## Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্র-বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের এর কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। আজ ভোর সাড়ে ৫টা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ১২১.৬ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*

